

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০০১.২০০৩- ১১৬

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩২
১৩ মার্চ, ২০২৬

বিষয়ঃ জনাব মোঃ ফজলুল বারী খান, কম্পিউটার অপারেটর(পিআরএল) এর আনুতোষিক ও মাসিক অবসর ভাতা পরিশোধের মঞ্জুরী।

মহাপরিচালকের কার্যালয়ের কম্পিউটার অপারেটর(পিআরএল) জনাব মোঃ ফজলুল বারী খান আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরীর আবেদন দাখিল করেন। অধিদপ্তরের ২৪ ফেব্রুয়ারি ২০২৫খ্রি. তারিখের ১৩ সংখ্যক আদেশে ০৫-০১-২০২৫খ্রি. তারিখ হতে ০৪-০১-২০২৬খ্রি. তারিখ পর্যন্ত ০১(এক) বছর অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী প্রদান করা হয়। তিনি ০৫-০১-২০২৬খ্রি. তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করেন। তার মোট পেনশনযোগ্য চাকুরিকাল ৩৬ বছর ০ মাস ০ দিন। বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য এবং অবসরভাতার বিনিময় হার ২০০/-টাকা। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে তার মূলবেতন ৩৯,৫৭০/- (উনচল্লিশ হাজার পাঁচশত সত্তর) টাকা। মূলবেতন ৩৯,৫৭০/-টাকার ৯০% হারে ৩৫,৬১৩/- (পঁয়ত্রিশ হাজার ছয়শত তেরো) টাকা মোট অবসরভাতা প্রাপ্য। প্রাপ্য অবসরভাতা ৩৫,৬১৩/-টাকার ১ম অর্ধাংশ ১৭,৮০৬.৫০ (সতেরো হাজার আটশত ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ১৭,৮০৬.৫০X২৩০= ৪০,৯৫,৪৯৫/- (চল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচানব্বই) টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ১৭,৮০৬.৫০ (সতেরো হাজার আটশত ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে মাসিক অবসর ভাতা প্রাপ্য। অতিরিক্ত আহরিত বেতন ভাতা বাবদ ৫৫,২৮৪/- (পঞ্চাশ হাজার দুইশত চুরাশি) টাকা প্রাপ্য আনুতোষিক হতে আদায়যোগ্য।

২। এমতাবস্থায়, জনাব মোঃ ফজলুল বারী খান, কম্পিউটার অপারেটর (পিআরএল) এর প্রাপ্য আনুতোষিক ৪০,৯৫,৪৯৫/- (চল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচানব্বই) টাকা হতে অতিরিক্ত গৃহিত ৫৫,২৮৪/- (পঞ্চাশ হাজার দুইশত চুরাশি) টাকা কর্তন পূর্বক (৪০,৯৫,৪৯৫ - ৫৫,২৮৪) = ৪০,৪০,২১১/- (চল্লিশ লক্ষ চল্লিশ হাজার দুইশত এগারো) টাকা আনুতোষিক এবং ২য় অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসেবে ১৭,৮০৬.৫০ (সতেরো হাজার আটশত ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পরিশোধের মঞ্জুরী প্রদান করা হলো। আনুতোষিক ও মাসিক অবসরভাতা পরিশোধের নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.১	০১(এক) কপি
২	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক) কপি
৩	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	০১(এক) কপি
৪	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক) কপি
৫	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	০১(এক) কপি
৬	অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী আদেশ	০১(এক) কপি
৭	মূল চাকরি বহি	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ।

(এম এ আখের)

মুদ্রাসচিব

পরিচালক(প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৮০৮৬৩

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।


পাতা-০২

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০০১.২০০৩- ১১৬

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩২
৬১ মার্চ, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। পরিচালক (অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। জনাব মোঃ ফজলুল বারী খান, গ্রাম-কাশিনাথপুর(বাবুপাড়া), ডাকঘর-কাশিনাথপুর-৬৬৮২, সাথিয়া, পাবনা।
- ৫। অফিস কপি।


(মোঃ কামরুদ্দীন)
সহকারী পরিচালক (অর্থ)

ও

কল্যাণ কর্মকর্তা
ফোন: ৪৭১১০৬৭২